

**বেগম রোকেয়া ডার্শনিকি
ভিসিকে শিবিরের
হত্যার হুমকি**

রংপুর স্কোরে

বিশ্ববিদ্যালয় শিবির নেতাদের মুক্তি
দাবিতে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের
ভিসি অধ্যাপক ড. একেএম নূর-উন-
নবীকে বোমা খেয়ে হত্যার হুমকি
দিয়েছে ইসলামী ছাত্র শিবির। শুক্রবার
দুপুর ভিসির ব্যক্তিগত মোবাইল নম্বরে
ফুদে খাতার মাধ্যমে প্রেরিত হুমকিতে
বলা হয় 'মারগে আকবির আল্লাহ
আকবার, ভিসি মায়েথ, ডার্শনিকি শিবির
নেতাদের দ্রুত মুক্তি না মিলে আপনার
পার্টি অথবা বানভবনে আপনাকে বোমা
খেয়ে খেয়ে ফেলা হবে। তাই যাচাতে
চাইলে আপনার ডার্শনিকি শিবির
নেতাদের প্রেফচার বন্ধ করুন।' এ
ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে
রংপুর কেন্দ্রীয় পানায় একটি
স্বাধীন ডায়রি করা হয়েছে।

এদিকে ভিসিকে হত্যার হুমকি দেয়ার
বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও
কর্মকর্তা-কর্মচারীদের মাঝে আতঙ্ক
ছড়িয়ে পড়েছে। এ ঘটনার তদন্ত
প্রতিবাদ নিশ্চয় জানিয়েছেন মুক্তিযুদ্ধের
চেতনায় প্রগতিশীল শিক্ষক সমন্বয়
সম্মিলিত শিক্ষক সমন্বয়, বঙ্গবন্ধু
পরিষদ, প্রগতিশীল পরিষদ, অফিসার্স
অ্যাসোসিয়েশন, কৃষিকারী ইউনিয়নসমূহ
বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন প্রগতিশীল
রাজনৈতিক সংগঠন। প্রতিবাদমিটিতে
তারা বলেন, স্বাধীনতার বিরোধী পক্ষগুলো
মুজাফফরীদের ত্রুটি এবং দেশে
অস্থিতিশীল পরিবেশ সৃষ্টি করার অংশ
হিসেবেই এমন ঘটনা ঘটায়। তিনি
ওগু একজন ভিসি নন, তিনি বীর
মুক্তিযোদ্ধা এবং দেশের প্রখ্যাত
শিক্ষাবিদ, গবেষক, সুস্থিতিশীল ও
একমাত্র জনসংখ্যা বিজ্ঞানী। এমন
আন্তর্জাতিক ব্যাঙি সম্পন্ন ব্যক্তিকে
হুমকি দেয়ায় আমরা দম্বিত ও ক্ষুব্ধ।
এদিকে এই ফুদে খাতা পাওয়ার পর
ভিসি বিষয়টি রংপুরের পুলিশ সুপারকে
জানিয়েছেন বলে জানান। এদিকে যে
মোবাইল ফোন থেকে ভিসিকে ফুদে
খাতা পাঠানো হয়েছে সেই ফোনটি
চিহ্নিত করে ওই চক্রকে প্রেফচার
করার জন্য পুলিশসহ বিভিন্ন গোয়েন্দা
সংস্থা তৎপরতা শুরু করেছে। উল্লেখ্য
চলমান রাজনৈতিক আন্দোলনের কারণে
বিশ্ববিদ্যালয়ের শিবিরের ২০ জন
নেতাকর্মী বর্তমান রংপুর কেন্দ্রীয়
কাঠাগারে আটক আছেন।